অতীব জরুরি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
মহাপরিচালকের দপ্তর
প্রাপ্তি নং
তারিখ:
☐ পরিচালক
☐ প্রকল্প-পরিচালক
☑ উপ-পরিচালক
☐ সহকারী পরিচালক
..................তারিখের মধ্যে
নথিতে দিবেন/আলাপ করুন।
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব) 11.1.2026

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৬১.৯৯.০০২০.১৮.২৪

তারিখ: ২৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: জুলাই জাতীয় সনদ ২০২৫-এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট বিষয়ক জনসচেতনতামূলক ব্যানার এবং সরকারি যোগাযোগে গণভোটের লোগো প্রদর্শন।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ এর স্মারক নম্বর : ০৪.০০.০০০০.০০০.৪১৬.৫৩.০০০১.২৫.১৭; তারিখ : ০৭ জানুয়ারি ২০২৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন একই সাথে জুলাই জাতীয় সনদ ২০২৫-এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট অনুষ্ঠিত হবে। গুরুত্বপূর্ণ এই গণভোটের বিষয়ে ভোটারদের ব্যাপক জনসচেতনতা তৈরি করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, গণভোটের বিষয়ে ভোটারদের মধ্যে ব্যাপক জনসচেতনতা সৃষ্টিকল্পে সূত্রোক্ত স্মারকের নির্দেশনা মোতাবেক সকল সরকারি যোগাযোগে (পত্র, আদেশ, প্রজ্ঞাপন, পরিপত্র ইত্যাদি) নির্বাচনের পূর্ব পর্যন্ত গণভোটের লোগো (এর স্বচ্ছ কপি নির্বাচন কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যেতে পারে) ব্যবহার এবং তাঁর আওতাধীন সকল প্রতিষ্ঠানে ২টি করে খাড়া (Vertical) ব্যানার দৃষ্টিনন্দন স্থানে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

সকল সংযুক্তিসমূহ:

(১) ০৪.০০.০০০০.০০০.৪১৬.৫৩.০০০১.২৫.১৭ - জুলাই জাতীয় সনদ ২০২৫-এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট বিষয়ক জনসচেতনতামূলক ব্যানার এবং সরকারি যোগাযোগ গণভোটের লোগো প্রদর্শন।

১১-০১-২০২৬

মো: রাজবুল আলম
সিনিয়র সহকারী সচিব
৯৫৪৯১৩০
sas_admin1@moedu.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
৩। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।

---

**(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৫৩.০০০১.২৫.১৭

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ / ৭ জানুয়ারি ২০২৬

**বিষয়: জুলাই জাতীয় সনদ ২০২৫-এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট বিষয়ক জনসচেতনতামূলক ব্যানার এবং সরকারি যোগাযোগে গণভোটের লোগো প্রদর্শন।**

সূত্র: প্রধান উপদেষ্টার কার্যালয়ের ৫ জানুয়ারি ২০২৬ তারিখের ০৩.০০.০০০০.০০০.০৩৯.১৬.০০০৩.২৫-৮৯ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন একই সাথে জুলাই জাতীয় সনদ ২০২৫-এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত

প্রস্তাবসমূহের উপর গণভোট অনুষ্ঠিত হবে। গুরুত্বপূর্ণ এই গণভোটের বিষয়ে ভোটারদের ব্যাপক জনসচেতনতা তৈরি করা প্রয়োজন।

২। সকল সরকারি যোগাযোগে (পত্র, আদেশ, প্রজ্ঞাপন, পরিপত্র ইত্যাদি) নির্বাচনের পূর্ব পর্যন্ত গণভোটের লোগো (কপি সংযুক্ত) ব্যবহার এবং সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ২টি খাড়া (Vertical) ব্যানার (কপি সংযুক্ত) প্রতিষ্ঠান প্রধানগণ স্ব-উদ্যোগে প্রিন্ট করে অফিসের সম্মুখে দৃষ্টিনন্দন স্থানে প্রদর্শন করলে সেবাগ্রহীতা এবং জনগণের মধ্যে ব্যাপক প্রচারণা পাবে। উল্লেখ্য, এ বিষয়ে মাননীয় প্রধান উপদেষ্টার সানুগ্রহ সম্মতি রয়েছে।


৩। এমতাবস্থায়, সকল সরকারি যোগাযোগে নির্বাচনের পূর্ব পর্যন্ত গণভোটের লোগো ব্যবহার এবং তাঁর আওতাধীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ২টি করে খাড়া (Vertical) ব্যানার দৃষ্টিনন্দন স্থানে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ৩ পাতা।


(তানিয়া আফরোজ)
উপসচিব
ফোন: ০২-২২৬৬৪১০৪৮
ই-মেইল: general_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব/সচিব................................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
২। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/সিলেট বিভাগ।
৩। জেলা প্রশাসক (সকল)।
৪। কর্মকর্তা (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ
(ডি-নথিতে বর্ণিত লোগো সংযোজনের জন্য অনুরোধ করা হলো)।



# গণভোট ২০২৬
# সংসদ নির্বাচন
# দেশের চাবি আপনার হাতে



# গণভোট ২০২৬
# সংসদ নির্বাচন
# দেশের চাবি আপনার হাতে

আপনি কি এমন বাংলাদেশ চান, যেখানে—

- তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন ও সরকারি কর্ম কমিশন (পিএসসি) গঠনে সরকারি দল ও বিরোধী দল একত্রে কাজ করবে।
- সরকারি দল ইচ্ছেমতো সংবিধান সংশোধন করতে পারবে না।
- সংবিধানের গুরুত্বপূর্ণ পরিবর্তনের ক্ষেত্রে গণভোটের বিধান চালু হবে।
- বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার এবং গুরুত্বপূর্ণ সংসদীয় কমিটিসমূহের সভাপতি নির্বাচিত হবেন।
- যত মেয়াদই হোক, কেউ সর্বোচ্চ ১০ বছরের বেশি প্রধানমন্ত্রী থাকতে পারবেন না।

- সংসদে নারীর প্রতিনিধিত্ব পর্যায়ক্রমে বাড়বে।
- ক্ষমতার ভারসাম্য প্রতিষ্ঠার জন্য পার্লামেন্টে একটি উচ্চকক্ষ গঠিত হবে।
- দেশের বিচারব্যবস্থা স্বাধীনভাবে কাজ করবে।
- আপনার মৌলিক অধিকারের সংখ্যা (যেমন: ইন্টারনেট সেবা কখনও বন্ধ করা যাবে না) বাড়বে।
- দণ্ডপ্রাপ্ত অপরাধীকে রাষ্ট্রপতি ইচ্ছেমতো ক্ষমা করতে পারবেন না।
- রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার মধ্যে ভারসাম্য থাকবে।

**আরও বিস্তারিত জানতে ভিজিট করুন:**

www.gonovote.gov.bd এবং www.gonovote.bd

**" হ্যাঁ" ভোট দিলে উপরের সবকিছু পাবেন। "না " ভোট দিলে কিছুই পাবেন না।**

মনে রাখবেন, পরিবর্তনের চাবি এবার আপনারই হাতে।

প্রচারে: গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
**দেশের চাবি**
**আপনার হাতে**

# পরিবর্তনের

# জন্য

# "হ্যাঁ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
সাধারণ প্রশাসন শাখা
www.dshe.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১০১.৯৭.০০০৩.২৪.২০৯

তারিখ: ২৮ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১২ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জুলাই জাতীয় সনদ ২০২৫-এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট বিষয়ক জনসচেতনতামূলক ব্যানার এবং সরকারি যোগাযোগে গণভোট লোগো প্রদর্শন।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয় এর স্মারক নং-৩৭.০০.০০০০.০০০.০৬১.৯৯.০০২০.১৮.২৪; তারিখ: ১১.০১.২০২৬খ্রি.

উর্পযুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পত্রটি (সংলগ্নীসহ) এ সংঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রটি সদয় অবগতি ও পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১২-০১-২০২৬
মো: খালিদ হোসেন
সহকারী পরিচালক-১
০২৪১০৫২১৭৩
dd-admin@dshe.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/ এইচএসটিটিআই (সকল)।
২। অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ/টিটিসি (সকল)।
৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বিদ্যালয় ও পরিদর্শন শাখা (সকল অঞ্চল)।
৪। জেলা শিক্ষা অফিসার, (সকল)।
৫। প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)।
৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)।

২৮ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ১২ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১০১.৯৭.০০০৩.২৪.২০৯/১ (৫)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা, (মাউশির ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।

৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৫। সংরক্ষণ নথি, ,।

১২-০১-২০২৬
মো: খালিদ হোসেন
সহকারী পরিচালক-১